বক্স, স্মোক, ১ ৩/৪ আউন্স	,,	গামলাকৃতি	রাসায়নিক শেল (বেস ইজেকশন)
বক্স, স্মোক, ১ ১/৪ আউন্স	,,	,,	,,

টিটানিয়াম টেট্রাক্লোরাইড কখনো কখনো ধুম্রফিলিং হিসাবে ব্যবহৃত হয়, যেমন- ৩ ইঞ্চি ও ৪.২ ইঞ্চি এম এল মর্টারের ধুম্রবোমার জন্য। এটি একটি ভোলাটাইল তরল যা ক্ষুদ্র চার্জ বিষ্ফোরনের ফলে ছড়িয়ে পড়ে এবং বায়ুর আর্দ্রতার প্রভাবে সাদা ধুম্রের সৃস্টি করে।

২। **<u>ধুম্র ও বিষ্ফোরক ক্রিয়ার ব্যবহৃত বস্তু</u>।** একটি মিলিত উচ্চ বিষ্ফোরক ও ক্ষুদ্র উৎপাদনের জন্য বিভিন্ন উৎপাদনসমূহ ব্যবহৃত হয়ে থাকে। এরা প্রধানতঃ দু প্রকার-

ক। <u>মিশ্রন, বিষ্ফোরন ও ধুম্র</u>। এরা কতগগুলি এইচ ই শেলে ফিলিং এ ব্যবহৃত হয়। যেমন- বিষ্ফোরন পর্যবেক্ষন ও শেলের কার্যকারিত পর্যবেক্ষনে এ্যামাটলের

ব্যবহার। এই উপাদান গুলি শেলের প্রকৃত বাস্টিং চার্জের মধ্যে থাকে। মোট তিন প্রকারের মিশ্রন আছে।

(১) **<u>মিশ্রন বিষ্ফোরক ও ধুম্র নং- ৪-</u>** এটি ৮০, ২০, ২৫ % এ্যামাটল ও ২৫ % এ্যালুমিনিয়াম পাউডার দ্বারা গঠিত।

(২) **<u>মিশ্রন বিষ্ফোরক ও ধুম্র নং- ৫-</u>** এটি ৫৬ % এ্যামোনিয়াম ক্লোরাইড দ্বারা গঠিত।

(৩) **<u>মিশ্রন বিষ্ফোরক ও ধুম্র নং- ৭-</u>** এটি ৪০% এ্যালুমিনিয়াম নাইট্রেট ২০% টি এন টি।

খ। **<u>ফুমিল</u>**। কিছু সংখ্যক প্রাচীন নক্সার বাষ্টিং ধুম্র শেলে ব্যবহৃত হয়। যা ফুমিল। তিন প্রকারের ফুমিল রয়েছে।

(১) **<u>ফুমিল মার্ক-১</u>**। ৬০ % টি এন টি ও ৪০ % এ্যামোনিয়াম ক্লোরাইড যোগে গঠিত।

(২) **<u>ফুমিল মার্ক-২</u>**। ৪৫ % টি এন টি ও ৪০ % এ্যামোনিয়াম ক্লোরাইড ও ১৫ % এ্যামোনিয়াম নাইট্রেট দ্বারা গঠিত।

(৩) **<u>ফুমিল মার্ক-৩</u>**। ৩৮ % বিষ্ফোরক ২৪% এ্যামুনিয়াম পাউডার ৩৫ % সোডিয়াম ক্লোরাইড, উত্তপ্ত জিনসিব তৈল ও ৩ % মুক্ত সীসা দ্বারা গঠিত।

বার্স্টিং টাইপ মর্টার গোলা ও গ্রেনেডে ধুম্র উৎপাদক দ্রব্য হিসাবে ক্লোরসুল ফোনিক এসিড ও সালফার ট্রাইঅক্সাইডের মিশ্রন বা সি এস এ ব্যবহৃত হয়ে থাকে।

২৮। **<u>প্রাইমিং উপাদান।</u>** সকল ইলুমিনেটিং সিগন্যাল, ধুম্রশেল, পর্দার উপাদানেই অগ্নিসংযোগ এবং এজন্যে এদের কিছু সহজ দাহ্য পদার্থ দ্বারা প্রাইমিং করানো উচিত। যদিও এজন্যে গান পাউডার এবং সালফারবিহীন গান পাউডারকে ঢালাওভাবে ব্যবহার করা হইতেছে তবুও কিছু বিশেষ উপাদান আছে যারা সাধারণত অন্যান্য উপাদানের সাথে মিশ্রিত গান পাউডারকে ধারন করে ব্যবহৃত একটি আদর্শ প্রাইমিং উপাদান **হচ্ছে** এস আর ২৫২।

<u>এস আর ২৫২</u>

পটাসিয়াম নাইট্রেট	-	৪০ ভাগ
সিলিকন	-	৪০ ভাগ
গান পাউডার, সালফারবিহীন	-	২০ ভাগ

২৯। **<u>টেষ্টিং উপাদান সমূহ</u>।** ট্রেসার বা উৎক্ষেপকের ট্রেসার ক্যাবিটি ব্যবহৃত ট্রেসিং উপাদানগুলি পাইরোটেকনিক মিশ্রন যা সাধারণতঃ একটি বিশ্বাসযোগ্য ক্রিয়া নির্দিষ্টকরনের জন্য প্রাইমিং উপাদানের মাধ্যমিক স্তরের মধ্য দিয়ে যায় এবং প্রোপেলেন্ট গ্যাসের ফলে প্রজ্জ্বলিত হয়। ট্রেসিং উপাদানসমূহ ম্যাগনেসিয়াম পাউডার অক্সিজেন উৎপাদক কোন নাইট্রেট, বর্ণ উৎপাদক (যা একক অক্সিজেন উৎপাদক ও হতে পারে। যেমন, স্ট্রনটিয়াম নাইট্রেট) এবং একটি সংযোগকারী পদার্থ যা ধর্ম ও বৈশিষ্ট্যাবলী শেলাক বা মোমের ন্যায় তাদের চেয়ে তুলনামূলকভাবে সহজ। একটিকে দিনে বা রাত্রিতে ব্যবহারের জন্য তার গঠন উপাদান তারতম্য দেখা দেয়। আদর্শ উপাদান সমূহ হচ্ছে-

ম্যাগনেসিয়াম পাউডার-	৪০	ম্যাগনেসিয়াম পাউডার-	২৩
স্ট্রনটিয়াম নাইট্রেট-	৪৫	বেরিয়াম নাইট্রেট-	৫৮.৫
-মাম	৫	গ্রাফাইট-	৬
শেলাক -	৫	চায়নিজ ওয়াক্স-	৭
এ্যালোপ্রেন	৫	এ্যাকারয়েড রেজিন-	৫

কার্তুজ
সেকশন- ৯ - কার্তুজের প্রকারভেদ

সূচনা

১। একটি সম্পূর্ণ রাউন্ড এ্যামুনিশন কার্তুজ প্রজেক্টাইল ও একটি অগ্নি সংযোগ উপায়সহ গঠিত। কার্তুজ প্রোপেলেন্ট চার্জ সমন্বয়ে গঠিত কিউএফ গানে একটি ধাতব কার্তুজ থাকে এবং এটি প্রজেক্টাইলের লক্ষ্যবস্তু পর্যন্ত পৌছানোর জন্য প্রয়োজনীয় গতিবেগ সৃষ্টি করে।

২। যদি ও একটি সম্পূর্ণ রাউন্ড কিউএফ ও বিএল পদ্ধতিতে বিভক্ত করা হয়েছে তবুও উভয়ক্ষেত্রেই এ্যামুনিশন লোড করা হয় ব্রিচ প্রান্ত থেকে । মাজললোডেড টাইপ এ্যামুনিশন থেকে পৃথক করার উদ্দেশে বি এল শব্দটি ব্যবহার করা হত। এ নামটি একটি প্রাচীন ধারা রক্ষার্থে ব্যবহার করা হয়েছে। ব্রিচ লোডিং এর পরিবর্তে ব্যাগ লোডিং বললে নামটি সার্থক হত।

বিএল কার্তুজ

৩। এটি বিএল গান ও হাউটজারে ব্যবহৃত হয় যেখানে অবচুরেটিং ডিভাইসগুলিকে ব্রিচ মেকানিজম নিজেই প্রদান করে। চার্জে তন্তু নির্মিত এক বা একাধিক ব্যাগের মধ্যে থাকে এবং উভয়প্রান্তেই প্রজ্জ্বলক পদার্থ রয়েছে। ব্যগের চার্জ চেম্বারে প্রবেশ করানো হয় এবং ভেন্ট এক্সিয়ালের পশ্চাৎ দিক দিয়ে প্রবেশ করানো একটি টিউব এর মাধ্যমে এটিকে গ্যাস সংযোগ করানো হয়। টিউবের ফ্লাশ বা আলোকউৎপাদনকারী পাউডারকে প্রজ্জ্বলিত করে যা পরবর্তীতে ব্যাগের প্রোপেলেন্ট চার্জকে প্রজ্জ্বলিত করে।

৪। ইগনাইটর। এটি একটি ডিস্কের মধ্যে আবদ্ধ ক্ষুদ্র ক্ষুদ্র চার্জবিশিষ্ট গান পাউডারের সমন্বয়ে গঠিত। কার্তুজটি গানে লোড অবস্থায় এবং ইগনাইটরটি নিকটে থাকে। যেহেতু টিউবের ফ্ল্যাশ প্রোপেলেন্ট অগ্নি সংযোগ করার পক্ষে যথেষ্ট নয় তাই একটি প্রজ্জ্বলক অত্যন্ত প্রয়োজনীয়। এই কম্পার্টমেন্ট অবশ্যই পূর্ণ থাকতে হবে যাতে পকেটগুলোর তলদেশে গান পাউডার হতে কোন রকম বিপদ না ঘটে।

৫। অক্সিলারি ইগনাইটর : এটি নকশায় প্রায় একই রকম। যদি ইগনাইটর নষ্ট হয়ে গেছে বলে সন্দেহ করা হয় তবে এটিকে কার্তুজের সাথে ব্যবহার করা হয়। এদের নষ্ট প্রজ্জ্বলকের উপর স্থাপন করা হয় এবং একটি ড্র স্ট্রিং দ্বারা আটকানো হয়।

কিউএফ কার্তুজ

৬। এ ক্ষেত্রে প্রোপেলেন্ট চার্জ একটি ধাতব কেসের মধ্যে আবদ্ধ থাকে। এই কেসগুলি কিউএফ গানে ও হাউটজারে ব্যাবহার করা হয়। এখানে কার্তুজ কেস নিজেই গোলা বর্ষনরত চেম্বারের দেয়ালের বিপরীতে বৃদ্ধি পেযে অবচুরেশন প্রদান করে । এর পশাচৎদেশ ব্রিচ বকের সম্মুখাংশে ব্রিচ স্ক্রু দ্বারা আটকানো থাকে। কার্তুজ কেসের বেসে একটি প্রাইমার কর্তৃক অগ্নি সংযোগ করা হয়। প্রাইমারের টুপির ফ্লাশ প্রাইমারের ম্যাগাজিন পাউডারে অগ্নি সংযোগ করে । প্রাইমারের টুপির ফ্ল্যাশ প্রাইমার ম্যাগাজিনে অগ্নি সংযোগ করে যা পরবর্তীতে প্রোপেলেন্ট চার্জকে প্রজ্জ্বলিত করে।

৭। কিউএফ এ্যামুনিশন, ফিক্সড, সেমি ফিক্সড, বা সেপারেট হতে পারে ।

ক। ফিক্সড এ্রামুনিশন। ভরা কার্তুজ কেস এবং প্রজেক্টাইল একসাথে আটকানো থাকে । যেমন ৭৫ মিমি এইচ ই এটি (ইউ এস এ) এবং ১০০ মিমি গানে ফিক্সড মাউন্ট ।

খ। সেপারেট এ্যামুনিশন। কার্তুজ ও প্রজেক্টাইল আলাদা আলাদাভাবে গ্যাসে লোড করা হয় । যেমন ২৫ পাউন্ডার ও ১৩০ মিমি গানে ব্যবহৃত এ্যামুনিশন । কেসটি ঢাকনা দ্বারা ঢাকা যা সাদা ধাতব পদার্থের যা পø্লাস্টিকে বা সাধারণ উজ্জ্বল বোর্ডের তৈরি হতে পারে ।

গ। সেমি ফিক্সড এ্যামুনিশন। যুক্তরাষ্ট্রে নির্মিত কিছু গানে এটি ব্যবহৃত হয়ে থাকে । যেমন ৭০ মিমি ও ১০৫ মিমি হাউটজার । এক্ষেত্রে কার্তুজ কেস ও প্রজেক্টাইল একসাথে দৃঢ়ভাবে লাগানো থাকেনা ।

৮ । ৪.৫ ইঞ্চির চেয়ে বেশি ক্যালিবারের গানে ফিক্সড এ্যামুনিশন সচরাচর ব্যবহৃত হয়না । কারণ সেই ক্ষেত্রে রাউন্ডটি অনেক ভারি এবং অপ্রশস্ত হয়ে পড়ে এবং কেস ও শেলের সংযোগস্থল দুর্বল হয়ে পড়ে। কিউএফ সেপারেট এ্যামুনিশন সাধারণত ৪.৫ থেকে ৬ ইঞ্চি ক্যালিবারের সাথে ব্যবহার করা হয়ে থাকে । এটি ছাড়াও অপেক্ষাকৃত ক্ষুদ্র গানে যখন পরিবর্তিত চার্জ ব্যবহার করা প্রয়োজন তখন এটি ব্যবহৃত হয় যেমন ৩.৭ ইঞ্চি হাউ সেপারেট এ্যামুনিশনের ক্ষেত্রে প্রজেক্টাইল বদল না করে কার্তুজ ফেস বদলী করা যায় এবং প্রজেক্টাইলের ভিত্তিতে প্রয়োজন বোধে সংশোধন করা যায় ।

৯। কিউএফ ও বিএল কার্তুজের মধ্যে তুলনা । উভয়প্রকারের সুবিধা ও অসুবিধাগুলি নিম্নরু পঃ

ক। কিউএফ কার্তুজ।

(১) ফ্লাশ, স্প্রে ও আর্দ্রতা হতে চার্জ সুরক্ষিত ।
(২) এটির লোডিং দ্রু ততর । কোন টিউব প্রবেশ করানো হয়না ।
(৩) পূববর্তী রাউন্ডের মোল্ডারিং -ডবরিস এর ফলে অপরিণত ফায়ারিং এর কোন সম্ভাবনা নেই ।
(৪) ফিক্সড এ্যামুনিশনের ক্ষেত্রে
(ক) শেল র‌্যামিং এর প্রয়োজন নেই ।
(খ) উচ্চ এলিভেশনের ক্ষেত্রে রাউন্ডকে সহজে নড়াচড়া ও লোড করা সম্ভব ।
(গ) ডবল লোডিং এর কোন সম্ভাবনা নেই ।
(ঘ) আনলোডিং সহজতর ।

খ। বি এল কার্তুজ

(ক) এটি হালকা ।
(খ) এটি সস্তা ও সহজে উৎপাদনযোগ্য ।
(গ) গুদামজাতকরণ বহ-ন মিতব্যায়ী ।
(ঘ) ফায়ারিং শেষে খালি কেস পাওয়া যায়না এবং এটি সরাতে বা উদ্ধার করতে অতিরিক্ত শ্রমের প্রয়োজন ।

(ঙ) ব্রিচ না খুলে টিউব বদলী করা সম্ভব ।
(চ) খালি আবহাওয়ায় ইগনাইটরকে শুষ্ক রাখার জন্য অতিরিক্ত যত্নবান থাকা প্রয়োজন ।
(ছ) একটি বড় কার্তুজ কেস অপেক্ষা একটি টিউবকে এক্সট্রাক্ট ও ইজেক্ট করা সুবিধাজনক ।
(জ) নষ্ট হ-ল অ-পশনকৃত বড় দূর্ঘটনার সম্ভাবনা কম ।

১০। কার্তুজ নকশা।

ক। গানসমূহ। এদের চেম্বার চাপ বেশী, ট্রাজেক্টরি কম ও বেগ বেশি । রেঞ্জের পরিবর্তন গানকে এলিভেট বা ডিপ্রেস করার মাধ্যামে করা হয় । যেহেতু চার্জের ওজন কম সেহেতু গান কার্তুজকে ফিক্সড চার্জ বলা হয়ে থাকে ।

খ। হাউইটজার। এদের চেম্বার চাপ কম, -বশী উচ্চতা, কম ট্রাজেক্টরি এবং বেগ কম এর ক্ষেত্রে , এ্যাডজ্য-ষ্টবল চার্জ ব্যবহার করা হয়।

গ। গান হাউইটজার। এ ক্ষেত্রে গান ও হাউইটজারের রেঞ্চ সম্মিলিত হয় করা কারণ কার্তুজের লম্বা ও খাট নামক দুটি প্রকার আছে যার একটি লম্বা বা অধিক দুরত্ব গান ব্যবহৃত এবং অন্যটি কম দুরত্ব বা হাউইটজার ব্যবহা-রর জন্য । গান ও হাউইটজারের অংশদ্বয় কখনই একসাথে ব্যবহৃত হয়না ।

১১। কার্তুজ কেসের প্রয়োজনীয়তা

ক। উচ্চতাপ ও চাপ সহ্য করার ক্ষমতা থাক-ব । যা-ত না হয় সে জন্য ।
খ। ফায়ারিং এর ফলে ছিন্নভিন্ন বা ফাটল যুক্ত যথেষ্ট পরিমাণে নরম ।
গ। ট্রান্সপোর্টের সময় ডিফর্মেশন বন্ধ করা এবং এক্সট্রাকশন সহ্য করার জন্য যথেষ্ট শক্তিশালী ।
ঘ। দীর্ঘস্থায়ী গুদাম অবস্থানের ক্ষেত্রে ফাটল বা চিড় না ধরার মতো গুনুম্পন্ন ।
ঙ। ফায়ারিং এর সময় প্রয়োজনীয় অবচুরেশন প্রদানের জন্য প্রয়োজনীয় কাঠিন প্রয়োজন । তবে ফায়ারিং শেষে মুক্ত এক্সট্রাকশন হওয়ার জন্য যথেষ্ট নমনীয় হওয়া প্রয়োজন ।
চ। ফায়ারিং শেষে পুনরায় নিজ আকৃতিতে ফিরে আসার ক্ষমতা ক্ষমতা থাকা উচিত, যা-ত কেসটি পুনরায় ব্যবহার করা যায় ।

১২। উপরিউক্ত গুনাবলী সমৃদ্ধ ও বর্তমানে বহুল ব্যবহৃত উপাদানটি হচ্ছে ৭০/৩০ পিতল । এই পিতলটি শীতল অবস্থায় সংগ্রহ করা সম্ভব যাতে একবারে কেস তৈরি করা যায় । কিছুসংখ্যক দেশ ২য় মহাযুদ্ধ চলকালীন ও এর পরে তামার স্বল্পতাহেতু ইস্পাত এ্যালুমিনিয়াম হতে কেস উৎপাদনের চেষ্টা করছে । যুক্তরাষ্ট্র এ পর্যন্ত ৭৫ মিমি পর্যন্ত কেস তৈরি করতে সক্ষম হয়েছে । কার্তুজ কেস তৈরির জন্য পিতল খাদের পরিমাণ নগন্য হওয়া উচিত অনথ্যায় ড্রয়িং অপারেশনে সমস্যার সৃষ্টি হবে এবং গানের অভ্যন্তরে উচ্চ চাপের সৃষ্টি হবে তখন সামান্য বিচ্যুতিও ক্ষতির সৃষ্টি করবে ।

<u>ব্লাংক বা খালি কার্তুজ</u>

১৩। কিছু সংখ্যক আর্টিলারী অস্ত্রে সীমিত আর্টিলারী ফায়ারিং অনুশীলনের জন্য ব্লাংক কার্তুজ ব্যবহার করা হয়ে থাকে। এটি ম্যানুভারিং ও স্যালুটিং এর জন্য ব্যবহৃত হয়।

ক। <u>সম্পূর্ণ রাউন্ড</u>। ব্লাংক এ্যামুনিশনের একটি সম্পূর্ণ রাউন্ড একটি কার্তুজ কেস , প্রাইমার, গান পাউডারের প্রাইমার ও কেসের মুখে লাগানো একটি বদ্ধাকার কাপ দ্বারা গঠিত প্রাইমারটি কেসের সাথে আটকানো অবস্থায় থাকে। গান পাউডার চার্জের ওজন (.৮৭-২) পাউন্ড পর্যন্ত হয়ে থাকে। এটি ক্যালিবারের প্রকারের উপর নির্ভরশীল। ব্ল্যাংক কার্তুজ কোন উৎক্ষেপক বহন করেনা।

খ। <u>চার্জ</u>। ব্ল্যাংক রাউন্ডের গান পাউডার চার্জ , আলগা পটাসিয়াম বা সোডিয়াম নাইট্রেট পাউডার দ্বারা গঠিত। এট সেলাইকৃত কাপড়ের ব্যাগে থাকে ।

১৪। <u>১০৫ মিমি হাউইটজার</u>। ১০৫ মিমি হাউইটজার ব্ল্যাংক কার্তুজ একটি সুতার ব্যাগে রক্ষিত গান পাউডার দিয়ে গঠিত। প্রাইমার পারকাউশন এম ১বি ১ এ ২ ব্যবহার করা হয়। সিমেন্ট দিয়ে আটকানো একটি কাপের মধ্যে চার্জ রাখা হয।

<u>ড্রিল কার্তুজ</u>

১৫। ডামি রাউন্ড ও ডামি প্রোপেলিংএর চার্জকে অনুশীলনে ব্যবহার করা হয়,যেমন ড্রিল , লোডিং, আনলোডিং ইত্যাদি। এটি সম্পূর্ণ নিষ্ক্রিয় প্রতিকৃতি মাত্র। এধরনের ফিক্সড ও ডামি রাউন্ডকে ডামি কার্তুজ এবং সেপারেট লোডিং চার্জকে ডামি প্রোপেলেন্ট চার্জ বলে। যেহেতু এ ধরনের চার্জ সম্পূর্ণ নিষ্ক্রিয় সেহেতু কোনরূপ সাবধানতার প্রয়োজন হয়না। ব্রোঞ্জের ডামি রাউন্ড ব্যাতীত ডামি এ্যামুনিশনের ধাতব অংশের রং কালো হয় এবং এর মধ্যে সাদা দাগ দেওয়া হয়। ডামি প্রোপেলিং চার্জ তাজা কণার ন্যায় কাষ্ঠচূর্ণ দ্বারা পূর্ণ থাকে এবং চার্জ ব্যাগের বর্ণ ও তাজা ব্যাগের ম-তা হয়ে থাকে।

১৬। ১০৫ মিমি কার্তুজ হাউইটজার ড্রিল সেমি ফিক্সড এম ১৪ ।

১৭। সম্পূর্ণ নিষ্ক্রিয় ও অণুশীলনের জন্য নির্মিত একটি ড্রিল কার্তুজ। রাউন্ডটি একটি নিষ্ক্রিয় ও একটি ডামি প্রজেক্টাইলসহ গঠিত। এটি সক্রিয় প্রোপেলেন্ট চার্জ সমৃদ্ধ একটি কার্তুজ কেসের মধ্যে আলগাভাবে বসানো থাকে (চার্জ প্রোপেলিং ১০৫ মিমি ডামি এমত। কার্তুজ কেসটি এ্যালুমিনিয়ামের পাত দ্বারা তৈরি ইস্পাতের টিউব বিশেষ যার পেছনে খাজকাটা থাকে যেখানে একটি ভিত্তিমূল আটকানো থাকে। শিকলে কাপ বা টুইনে নটের মাধ্যমে অতিরিক্ত ইনক্রিমেন্টগুলি আলাদা হয়ে যায়। এটি ডামি ফিউজ এম ৯ এর সাথেআটকানো থাকে এবং অনেকটা এম ৪৮ ও এম ৫৪ এর ন্যায়। এম ৫৪ এর নিষ্ক্রিয় ফিউজ হিসাবে ব্যবহার করা যায় । যেখানে টাইম ফিউজ সেট করা প্রয়োজন সেখানে এম ৫৬ এর নিষ্ক্রিয় ফিউজ এর ফিউজ হিসাবে ব্যবহার করা যায়।

সেকশন- ১০
চার্জের প্রকারভেদ

১। পূর্ণ চার্জ। যে কোন নির্দিষ্ট কামানের জন্য সার্ভিস চাজ। এটি পরিবর্তনশীল পূর্ণ চার্জ ও হতে পারে যেমন ১৩০ মিমি কামান।

২। হাউইটজারের চার্জে। এ অংশ তৈরি হয় যা চার্জকে পরিবর্তনযোগ্য করে তোলে। এটি এক হতে উপরে নম্বর করা হয়েছে ।প্রশিক্ষণের জন্য এ সকল চার্জ ব্যবহার করা যেতে পারে।

৩। ভগ্ন চার্জে। সহজে ব্যবাহরের জন্য নির্দিষ্ট কিছু কামানে পুর্ন চার্জকে নির্দিষ্ট ভাগে তৈরি করা হয়েছে। প্রশিক্ষণের জন্য এ সকল চার্জ ব্যবহার করা যেতে পারে।

৪। হ্রাসকৃত। প্রশিক্ষণ রেঞ্জ ছোট হলে ফিল্ড আর্টিলারী ইকুইপমেন্টকে এই জাতীয় চার্জ প্রদান করা যেতে পারে। এটি প্রশিক্ষণ ও অনুশীলনের জন্য অধিকাংশ ব্যবহার করা হয় এবং কামানের খুব কম ক্ষয় সাধন করে।

৫। সংমিশ্রণে চার্জ দুরত্ব পরিবর্তন করার জন্য একটি ইকুইপমেন্ট যখন বিভিন্ন চার্জ ওজন ব্যবহার করে তখন চার্জে একাধিক প্রোপেলেন্ট থাকা স্বাভাবিক। কম দুরত্ব অংশ কম ওজনের ও অধিক দুরত্ব অংশ হতে ছোট পরিমাণ নিহিত। অধিক দুরত্ব ও কম দুরত্ব অংশে সংশিষ্ট চার্জে অনুরূপ ফল পাওয়া যায় যখন দুই অংশ দ্বারা চার্জ বানানো হয় যা কখনও একসংগে ফায়ার করা যায়না ।

৬। অধিক দূরত্ব ও কম দুরত্ব অং-শ সংশ্লিষ্ট চা-র্জ অনুরুপ ফল পাওয়া যায় যখন দুই অংশ দ্বারা চার্জ বানা-না হয় যা কখনও একসং-গ ফায়ার করা যায় না।

৭। ফয়েল চার্জ: উচ্চ বেগ সম্পন্ন গানের বোরে এ্যা-মার ড্রাইভিং ব্যান্ড হতে কপার পড়ে থাকার ঝোক থাকে। এই পড়ে থাকা কণা একসময় এমন পুরূ ত্ব ধারণ করে যা কপার চোক সৃষ্টি করে এবং এতে গোলা আটকে যাওয়ার ফলে শেলের অপরিণত বিস্ফোরন হতে পারে। এই কপার ও কিছু কিছু লিড চার্জের সম্মুখভাগে টিন ফয়েলের দ্বারা দুর করা হয়। এই ফয়েল কপারের সংগে এমনভাবে বিক্রিয়া করে যাতে পরবর্তী গোলার সাথে এই কপার বের হয়ে চলে আসে। ফয়েল শব্দটি বিএল কার্তুজ ব্যাগের মধ্যে -স্টনসিল ক-র লেখার হয় এবং কিউএম ফিক্সড কার্তুজের ব্যাচ লেভেলের উপরে থাকে। নি-ম্ন বেগসম্পন্ন যন্ত্রপাতিতে কপারিং হয়না তাই ফয়েল চার্জের দরকার হয়না। চার্জের মধ্যে কঠিন ফয়েল সন্নিবেশিত করার জন্য নির্ম্লিখিত শব্দগুলি অবলম্বন করা হয়।

৮। চা-র্জর ম-ধ্য ফ-য়ল সন্নি-বশিত করার জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অবলম্বন করা হয়।

ক। কিউএফ চার্জের প্রোপেলেন্টের বান্ডিলের সম্মুখভাগ মসৃণ ফলার আকারে।
খ। বিএল কার্তুজ ব্যাগের সম্মুখে সেলাই দ্বারা সমতল ডিস্কের আকারে।
গ। দানাদার কিউএফ চার্জের দানাদার প্রোপেলেন্ট উপরে ভাজ করা অবস্থায়।

৯। ডি কপারিং চার্জ। এ ধরনের চার্জে অতিরিক্ত বা দ্বিগুণ পরিমাণ ফয়েল থাকে যা অতিরিক্ত কপারসমূহকে দুর করার কাজে লাগে। কার্টিজের গায়ে D শব্দটি লেখা থাকে।

১০। সুপার চার্জ। এ ধরনের চার্জ সাধারন ব্যবহৃত চার্জ অপেক্ষা দুরত্ব অর্জনের জন্য ব্যবহৃত হয়ে থাকে। এটি সম্পূর্ণ ভিন্ন চার্জ যা ব্যবহৃত সাধারণ চার্জ এবং পেপার শর্ট চার্জ কথাটি কার্তুজ কেসের ভেতরে ও বাইরে বাক্সে চাপ দেওয়া হয়ে থাকে।

১১। পেপার শট চার্জ। এটি বিশেষ ধরনের চার্জ। এতে শুষ্ক বালুপূর্ণ প্রজেক্টাইল ব্যবহৃত হয় অভ্যন্তরিন ব্যালিস্টিক পরীক্ষা করার জন্য। বিশেষ ধরনের চার্জ এবং পেপার শর্ট চার্জ কোন গানের রিকয়েল ম্যাকানিজম পরীক্ষার জন্য ব্যবহৃত হয়।

১২। বাংক চার্জ। এ টি বারূদ অথবা সামান্য পরিমান উচ্চ বিস্ফোরক দ্বারা তৈরি হয়। এতে কোন প্রজেক্টাইল ব্যবহার করা হয় না।

১৩। ক্লিয়ারিং চার্জ। কোন গানের বোরে যখন কোন শেল আটকে যায় তখন এই চার্জ ব্যবহার করা হয়। এর কেস সাধারণ কার্তুজ কেসের থেকে ছোট হয়ে থাকে।

১৪। প্রুফ চার্জ। এ চার্জ গান ও কার্তুজ পরীক্ষার জন্য ব্যবহৃত হয়ে থাকে। এর শক্তি সাধারণ চার্জ হতে বেশি শক্ত। যন্ত্রাংশ ও কাজের প্রকৃতির উপর নির্ভর করে।

১৫। সাধারন চার্জ। যখন কোন গানের নকশা করা হয় তখন সম্ভাব্র চার্জের ওজন নির্ধারণ করা হয় যার দ্বারা মাজল গতিবেগ পাওয়া যেতে পারে। এই পরিমাণ নির্দিষ্ট পরিমান ও আকারের প্রোপেলেন্টের জন্য নির্ধারিত এবং এটিকে চার্জ বলা হয়। কার্তুজের উপর এর পরিমান লেখা থাকে।

১৬। সুবিন্যাস্ত ওজন চার্জ। এটি ব্যবহৃত চার্জ তৈরির প্রকৃত ওজন। বিভিন্ন ভাগের মধ্যে এর তারতম্য দেখা যায় কারণ বিভিন্ন ভাল চার্জে এর কার্যকারিতা সম্পূর্ণ এক নয়। এ ধরনের চার্জ ব্যবহার করে এবং একটি নির্দিষ্ট একক ধরে গোলা ফায়ার করে সকল ভাগে পরীক্ষিত হয় এবং এর চার্জের ওজন বিন্যস্ত হয়। এ ধরনের একক বিশেষভাবে এই কার্যের জন্য রাখা হয় এবং এর কার্যকারিতা সম্পূর্ণ জানা থাকে। এ ওজন এমনভাবে সুবিন্যাস্ত করা হয় যেন দুরত্ব তালিকার কার্যকারিতা পাওয়া যায়।

সেকশন ১১
প্রজ্জ্বলনের উপাদান

১। মিনস অফ ইগনিশন। প্রজ্জ্বলন সূত্রপাতকারীর অগ্নি সংযোগের ফলে চার্জ প্রজ্জ্বলিত হয়। যা প্রাইমারের মধ্যে বা টিউমারের ভিতরে অবস্থিত পার্কিউসন ক্যাপের উপর আঘাতকারী র সংঘর্ষে সূত্রপাতকারীর প্রাইমার বা টিউবের ম্যাগাজিন অংশে অবস্থিত বারদ গ্রহণ করে একে ছাড়িয়ে দেয়। এটি প্রোপেলেন্টের সমগ্র তল জুড়ে সমান ও তাড়াতাড়ি প্রজ্জ্বলন নিশ্চিত করে।

২। প্রজ্জ্বলন সমস্যা। সুষ্ঠ অভ্যন্তরীন ব্যালাস্টিকের জন্য সমগ্র প্রোপেলেন্ট চার্জের দানাগুলির একত্রে প্রজ্জ্বলন আবশ্যক এবং এটি একপ্রকার ধারণা যার উপর অভ্যন্তরীণ ব্যালাস্টিক গণণা নির্ভর করে। বাস্তবে এটি খুবই জটিল যেহেতু স্বাভাবিক প্রজ্জ্বলন বিভিন্ন বৈশিষ্ট্যের উপর নির্ভরশীল। যেমন প্রতিটি প্রোপেলেন্ট দানার আকার , আকৃতি, প্রকৃতি ও মোট প্রোপেলেন্টের ব্যবহার্য কার্টিজের বৈশিষ্ট্য সংযোগের পরে যেন একই সাথে প্রজ্জ্বলন সংঘটিত হয়। সকল ব্যবহার্য্য কার্টিজের প্রজ্জ্বলন বারূদের আগুন দ্বারা সংঘটিত হয় এবং প্রজ্জ্বলনের মাধ্যমকে প্রাইমার বা টিউব বলে্ এবং এটি নির্ভর করে কার্টিজটি কিউএফ না বিএল তার উপর। প্রাইমার একটি বস্তু যা দ্বারা চার্জের সঠিক প্রজ্জ্বলনের জন্য কিউএফ কার্টিজে যুক্ত থাকে। প্রাইমারকে আবার ধাক্কা ও বৈদ্যুতিক এই দুইভাগে ভাগ করা যায়।

৩। বিএল কার্টিজ। যেহেতু টিউবের অগ্নি শিখা আধুনিক , নিশ্চিত ,সরল ও নিয়ন্ত্রিত প্রোপেলেন্ট প্রজ্জ্বলিত করার জন্য যথেষ্ট নয় তাই একটি ব্যাগে কিছু বারূদ থাকে যাকে সব ব্রিচ কার্টিজের মূলে রাখা হয়। এটি টিউবের অগ্নি শিখার সংস্পর্শে আসে এবং সমস্ত প্রোপেলেন্ট চার্জের সঠিক প্রজ্জ্বলন নিশ্চিত করে।

৪। আদ্রতার প্রক্রিয়া। সকল ধরনের ইগনাইটর যাতে বারূদ থাকে তার উপর আর্দ্রতার প্রভাব পড়ে। আর্দ্রতার ফলে মিস ফায়ার ও হ্যাং ফায়ার হতে পারে।

ইগনাইটরের প্রকারভেদ

| | |

প্রাইমার টিউব প্রজ্জ্বলক

সেকশন ১২
প্রাইমার

১। প্রাইমার একটি মাধ্যম যা প্রায় সব আধুনিক কিউএফ গানে প্রোপেলেন্ট চার্জের সূচনাকার্যে অগ্নি প্রজ্জ্বলক সূচনাকারীকে প্রাইমারের ক্যাপে এবং বারুদকে ম্যগাজিনে ব্যবহার করা হয় ।
ধাক্কা বা আঘাতজনিত প্রাইমার ঃ

২। সাধারণ গঠন। পারকাশন প্রাইমার তিনটি প্রধানভাগ নিয়ে গঠিত । যথা একটি ক্যাপ, একটি সহকারী বস্তু, এবং বারুদ। ধাক্কা প্রাইমার আঘাতকারী বস্তু দ্বারা সরাসরি ক্যাপে আঘাত পেলে অথবা প্রাইমারের ক্যাপের উপর স্ফুলিংগ সৃষ্টিকারী প্লাগের উপর আঘাত পেলে কাজ করে থাকে । এটি আমেরিকান প্রাইমার যা ক্যাপের মধ্যবর্তী জ্বলনে ভাল ফলদায়ক । ধাক্কা প্রাইমার এম ২৮এ ১০৫ মিমি প্যাক হাউজ্জার ব্যাখা চিত্র রয়েছে । বন্ধকরণ প্রোপেলেন্ট গ্যাস যেন পেছনের দিকে পাইমারের ভেতর দিয়ে অথবা প্রাইমারের চারদিকে যেন বের হতে না পারে তা নিশ্চিত করা প্রয়োজন । কারণ তা না হলে গানের ব্রিচ ম্যাকানিজম প্রচুর ক্ষতি সাধন এবং তা হতে নির্গত ধোয়া গানারদের অসুবিধার সৃষ্টি করতে পারে । বাহ্যিক গ্যাস সাধারণত ফায়ারের পর প্রাইমারের বর্ধিত অংশ দ্বারা বন্ধ করা যায় । বিস্ফোরনের ফলে প্রাইমার সম্প্রসারিত হয় এবং কার্টিজ কেসের সাথে শক্তভাবে বাহিরমূখী চাপ সৃষ্টি করে আটকে থাকে । ফলে প্রাইমার ও কার্টিজ কেসের মধ্যে দিয়ে গ্যাস নির্গমন এদের গঠন শৈলী দ্বারা বন্ধ করা হয় । বিভিন্ন প্রকার প্রাইমারের নির্গমন বন্ধ করার পদ্ধতি নিুরূপঃ

প্রাইমার নং	চিহ্ন	গ্যাস সিলিং ডিভাইস
ক। ৯ ও ১১	১	প্রকার এ
	২	প্রকার বি
	৩	প্রকার সি
খ। ১৫	১	প্রকার এ
	২	প্রকার সি

কার্যক্রমে ক্যাপ ফায়ারিং পিন দ্বারা আঘাত প্রাপ্ত হওয়ার পর ক্যাপ এবং এ্যামাটলের মাধ্যমে মিশ্রণ সংকুচিত ও বিস্ফোপরিত হয় । সৃষ্ট স্ফুলিংগ পথ দ্বারা সম্মুখ গিয়ে কপার বলকে সরিয়ে হয় এবং বারুদের প্রধান চার্জকে প্রজ্জ্বলিত করে । বারুদ প্রজ্জ্বলনের ফলে উক্ত চাপের গমন বন্ধ হয় অন্য কথায় প্রাইমার গ্যাস নির্গমনের নিজস্ব পন্থা অবলম্বন করে । বারুদ বিস্ফোরিত হয় । স্ফুলিংগ ও গরম গ্রাস ছিদ্র পথে প্রপেলেন্ট চার্জকে প্রজ্জ্বলিত করে ।

সেকশন- ১৩

টিউব

১। টিউবের কাজে নিজ অবস্থানে থেকে ছিদ্র পথের (ভেন্টের) মধ্যে প্রতিনিয়ত এবং যথেষ্ট শক্তিশালী ফ্ল্যাশ তৈরি করা যা কার্টিজ ইগনাইটরের সম্পূর্ণ প্রজ্জ্বলন নিশ্চিত করে এবং একই পথে প্রপেলেন্ট গ্যাসের পেছন দিক এর ভেন্টে গ্যাস নির্গমন বন্ধ করে। এর গঠন বিভিন্ন প্রকার যন্ত্রের সাথে ব্যবহারের প্রয়োজনের উপর নির্ভরশীল। এর ভেতরে সাধারণত গান পাউডার থাকে বারুদ এবং এর পরিমাণ নির্ভর করে অগ্নি স্ফুলিংগ তৈরির উপর। টিউবের প্রতিরূপ চিত্র ১ এ দেওয়া হল।

শ্রেণী বিন্যাস

১। টিউবকে প্রধানত তিনভাগে ভাগ করা যায়। যথা পারকাশন, ফ্রিকশন ও ইলেকট্রিকাল।

ক। পারকাশন টিউব। এটি পারকাশন কাপের উপর স্ট্রাইকারের আঘাতের ফলে প্রজ্জ্বলিত হয়। কোন কোন ক্ষেত্রে এই আঘাত সরাসরি ফায়ারিং পিন দ্বারা করা হয় এবং অন্য ক্ষেত্রে এই টিউবের মধ্যেই একটি স্ট্রাইকার থাকে যা গানের স্ট্রাইকারের আঘাতের ফলে ক্যাপের উপর চাপ দেয়।

খ। ফ্রিকশন টিউব। এটি স্ট্রাইকারহীন এবং সেনসিটিভ স্ট্রাইকারের মধ্যে সংযুক্ত ঢাকা কোন ধাতব পাতের প্রত্যাহারের ফলে সৃষ্ট ঘর্ষনের দ্বারা কাজ করে। সৃষ্ট ঘর্ষনে তৈরি ফ্ল্যাশ সমস্ত গায়ে এবং সেই সংগে ক্যাপে ছড়িয়ে পড়ে।

গ। ইলেকট্রিক টিউব। এটিতে বৈদ্যুতিক প্রাইমারের মত ব্যাটারি হতে বিদ্যুত গ্রহন প্রবাহিত হয়। তখন টিউবের বারুদ প্রজ্জ্বলিত হয়। ব্রীজের ফায়ারিং মেকানিজম কন্ট্রাক পিছের মধ্যে সংযোগ সাধিত হয়।

২। অবচুরেশন। সাধারনত ভেন্ট নামক গানের টিউবের চেম্বারে, টিউব রাখা হয়। ফায়ারিং এর পর তা শুধু কার্টিজকে প্রজ্জ্বলিত সাথে সাথে প্রোপেলেন্ট গ্যাসের ভেন্ট দ্বারা পিছনমুখী বহির্গমন বন্ধ করে। যাতে গানারদের অসুবিধা এবং ভেন্টের কোন ক্ষয় সাধিত না হয়। টিউবের মধ্যে কিছু অবচুরেটর থাকে যা সাধারণত পারকাশন প্রাইমারের মত একই সারিতে থাকে। বর্তমানে ব্যবহৃত টিউব ভেন্ট বন্ধকারী। এই অবচুরেশন যে কোন উপায়ে বন্ধ করা যায়।

ক। টিউব এমনভাবে তৈরি যাতে সঠিকভাবে অর্জনের জন্য চেম্বারে বসানো যায়। স্ট্রাইকার লক দ্বারা টিউবের যে কোন ধরনের স্ট্রাইকার লক দ্বারা নড়াচড়া বন্ধ করা হয়। অথবা যন্ত্রের সুবিধা অনুযায়ী অন্য উপায়ে তা করা হয়।

খ। ফায়ারিং এর পরে টিউব সম্প্রসারিত হয় এবং ভেন্টের ভেতরে আটকে যায় ফলে টিউব ও চেম্বারের মধ্য দিয়ে গ্যাস নির্গমন বন্ধ করে। এটি সাধারনত নিম্নলিখিত উপায়ে করা হয়।

(১) কপার ক্যাপ সম্প্রসারিত হয় এবং চেম্বারের সাথে আটকে যায়।

(২) তামার বলকে পুনরায় চাপ প্রয়োগ দ্বারা নিজ অবস্থানে বসায়।

(৩) ক্যাপ ধারক এবং স্ট্রাইকারকে নিজ নিজ অবস্থানে ফেরত প্রদানের মাধ্যম।

(৪) তামার ব্রীজ প্লাগকে নিজ অবস্থানে দৃঢ়ভাবে বসানোর দ্বারা।

সেকশন- ১৪
ইগনাইটর (প্রজ্জ্বলক)

১। সাধারনত ইগনাইটার একটি অতিরিক্ত মধ্যবর্তী যাহা টিউব কর্তৃক সৃষ্ট ফ্ল্যাশকে বর্ধিত করার নিমিত্তে কাজ করে । ইহা ব্যবহৃত প্রাইমার বা টিউবের মধ্যে থাকে না । ইগনাইটার সাধারনত বিএল কার্টিজে ব্যবহৃত হয় ।

২। ইগনাইটার , যাহাতে গান পাউডার থাকে, ইহার কাজ টিউব বা প্রাইমার কর্তৃক সৃষ্টি ফ্ল্যাশকে বার্ধিত করা যাহাতে সমস্ত প্রোপেলেন্ট চার্জ অতি দ্রু ত এবং নিয়মিত প্রজ্জ্বলিত হইতে পারে ।

৩। প্রকার প্রধানত দুই প্রকার প্রজ্বলক আছে

ক। বি এল কার্টিজ ইগনাইটার ব্যাগ আকারে

খ। কিউ এফ কার্টিজ ইগনাইটার

৪। কিউএফ কার্টিজে ইগনাইটার কিছু কিছু কিউ এফ কার্টিজের ম্যাগজিনে সৃষ্ট অগ্নিকে বর্ধিত করার জন্য অতিরিক্ত ইগনাইটার ব্যবহার করা হয় । হহী সাধারণত সামান্য গান পাউডার ভর্তি ব্যাগ আকারে প্রপেলেন্ট চার্জের নীচে স্থাপন করা থাকে । যাহাতে ইহার প্রাইমারের ম্যাগাজিন বা পাত্রের সাথে সরাসরি সংযোগ থাকে । তিন ধরনের অতিরিক্ত ইগনাইটার নিম্নরূপঃ

ক। কোর ইগনাইটার ।

খ। ব্যান্ডলিয়ার ইগনাইটার ।

গ। সমতল বা চাকতি আকার ইগনাইটার ।

বিএল কার্টিজ ইগনাইটার

৫। এই ধরনের ইগনাইটার জি- ১২ গান পাউডার তৈরী চার্জ দ্বারা গঠিত যা স্যালোন বা পশমি কাপড়ের ডিস্কে আবদ্ধ থাকে । এই ধরনের কাপড়ের ডিস্কের রং সাধারনত লাল হয় । ইহা বি এল কার্টিজের এক অথবা উভয় প্রান্তে বসানো থাকে । এই ধরনের কার্টিজ ভেন্টের (ছিদ্রের) নিকটবর্তী প্রান্তে একটি আদর্শ প্রজ্জ্বলক সহকারে কামানে লোড করা হয় । বি এল কার্টিজের অত্যাবশ্যক, কারন টিউব কর্তৃক সৃষ্ট অগ্নি আধুনিক প্রপেলেন্ট নিয়মিত এবং নিশ্চিত প্রজ্বলনের জন্য যথেষ্ট শক্তিশালী নয় ।

ক। সাধারনত গান পাউডার আদ্রতার প্রতি সেনসিটিভ তাই নিশ্চিত প্রজ্বলনের জন্য ইগনাইটারকে আদ্রতা হতে রক্ষা করা একান্ত প্রয়োজন । মুখ বন্ধ বাক্স বা নলে কার্টিজ থাকে । তাই প্রয়োজনের বেশী পূর্বে খোলা উচিত নয় ।

৬। <u>বি এল কার্টিজ ইগনাইটার প্রকার</u>

ক। <u>আদর্শ ইগনাইটার</u>। ইহাতে জি- ১২ বর দ সমান্তরাল কামরায় আড়াআড়ি ভাবে সেলাই করা থাকে। এই চাকতি লাল রং করা থাকে। ইহা কার্টিজের এক বা উভয় প্রান্তে সেলাই করা থাকে।

খ। <u>সহায়ক ইগনাইটার</u>। এই ধরনের ইগনাইটার আলাদা ভাবে আদর্শ ইগনাইটাররের উপর যুক্ত থাকে যদি আদর্শ ইগনাইটার স্যাঁত স্যাঁতে বা আদ্র হইয়া গিয়াছে বলিয়া সন্দেহ হয় অথবা এমনভাবে ক্ষতি গ্রস্ত হইয়া থাকে যাহাতে মিস ফায়ার হওয়ার সম্ভাবনা থাকে।

গ। অতিরিক্ত ইগনাইটার ধরা যাইতে পারে। উভয় প্রজ্জ্বলক সকল ক্ষেত্রেই অভিন্ন যেহেতু কার্ট্রিজ ব্যাগের যে কোন প্রান্ত ভেন্টের নিকটে থাকিতে পারে। যখন কেবল একটি ইগনাইটার কার্টিজ ব্যাগের সাথে যুক্ত থাকে তখন একে আদর্শ ইগনাইটার বলে। যখন দুটি যুক্ত থাকে তখন একটিকে আরেকটির সহায়ক বলে।

ঘ। <u>কোর ইগনাইটার</u>। কার্টিজ ব্যাগের সাথে সেলাই করা আদর্শ ইগনাইটার ছাড়াও কোন ইগনাইটার দ্বারা বি এল কার্ট্রিজ তৈয়ার করা যেতে পারে, যাতে কোন ইগনাইটার চার্জের মাঝে যুক্ত থাকতে পারে। যেমনঃ ৫.৫ ইঞ্চি ১০ পাউন্ড ১৪ আউঞ্চ ৮ ডি আর/৪.৯ কেজি, এন এইচ ০৪৭ এমকে ১ কার্ট্রিজ ১$\frac{১}{৪}$ আউন্স/৩০.৪ জি-১২ গান পাউডার ইগনাইটার চার্জের মধ্যে সংযুক্ত করা হয়েছে।

প্রজেক্টাইল
সেকশন- ১৫ সাধারন

সাধারন কোন কিছু যা কোন ব্যক্তি বা কোন অস্ত্র দ্বারা ছোড়া হয় বৃহৎ অর্থে তাকে প্রজেক্টাইল বলে। এই অধ্যায়ে আমরা আর্টিলারি প্রজেক্টাইল নিয়ে আলোচনা করব (যেমন যে সব প্রজেক্টাইল আর্টিলারি অস্ত্র হতে ছোড়া হয়)। প্রাথমিক ভাবে প্রজেক্টাইলের গঠন উহার কাজের ধরনের উপর নির্ভর করে এবং সাথে এটা যে ধরনের অস্ত্র দ্বারা ছোড়া হবে তার গঠনের উপরও নির্ভর করে। নতুন গঠিত প্রজেক্টাইল পূর্বের ব্যবহৃত প্রজেক্টাইলের ব্যবহারিক অভিজ্ঞতা এবং কিছু সূত্রের দ্বারা তৈরি করা হয়। কোন প্রজেক্টাইলকে স্ট্যান্ডার্ড ধরা হয় না যতক্ষন না পর্যন্ত না ঐ প্রজেক্টাইল কে সব চেয়ে খারাপ আবহাওয়ায় ফারার করে এর কার্যকারিতা পরীক্ষা করা হয়।

প্রজেক্টাইলের বৈশিষ্ট্য

১। ওজাইভ। এটা প্রজেক্টাইলের মাথার কোনাকৃতি অংশ প্রজেক্টাইলের জ্যা যা প্রজেক্টাইলের তার সমান আবর্ত লয়ে গঠিত। ওজাইভের আকৃতি সাধারনত এর পরিমাপ যা ক্যালিভার হিসাবে প্রকাশ করা হয়।

২। কাধ। এটা ওজাইভের পরে সমান ও প্রজেক্টাইলের সমান্তরাল অংশ।

৩। শরীর। এটা ওজাইভের ঠিক পর হতে ড্রাইভিং ব্যান্ড পর্যন্ত নলাকাল অংশ। এর ব্যাস গা বেরেলের চেয়ে সামান্য কম হয়।

৪। ড্রাইভিং ব্যান্ড. এটা একটি ধাতব চুড়ি যা শরীরের নীচের অংশে শক্ত ভাবে বসানো। যার প্রাথমিক কাজ প্রজেক্টাইলের অক্ষের দিকে প্রজেক্টাইলকে ঘুর্ণন দেয়া (যাহাতে কোন কোন সময় ঘুর্ণায়ন চুড়ি হিসাবেও আক্ষায়ীত করা হয়) এবং গ্যাস বন্ধ করা হিসেবে কাজ করা। এ ছাড়াও এটি গানের ভিতরে প্রজেক্টাইলকে মধ্য অবস্থায় দৃঢ়ভাবে আটকিয়ে রাখে।

৫। বেইজ। এটা ড্রাইভিং ব্যান্ডের পেছনের অংশ গঠন নলাকার অথবা সমান কোনাকৃতি উচ্চ বিস্ফোরকপূর্ণ প্রজেক্টাইলে বিশেষভাবে তৈরী ষ্টীল পেট এর বেইজের অংশের সহিত যুক্ত থাকে যাহাতে গরম প্রপিলেন্ট গ্যাস খোলের ভিতর ঢুকিতে না পারে। কোন কোন প্রজেক্টাইলের ভূমিতে ট্রিগার বহন করার জন্য ছিদ্র থাকে।

৬। ব্যুরোলেট। আমেরিকার প্রজেক্টাইলের নির্দিষ্ট বৈশিষ্ট্যে ইহা গঠিত। ইহাই প্রজেক্টাইলের অংশ যাহা বোরের ব্যাসের সহিত প্রজেক্টাইলের সহিত সামান্য ফাঁকা রাখিয়া সামঞ্জস্য রক্ষা করে। এই ফাঁকা অংশ গানের ক্যালিবারের উপর নির্ভরশীল। এই সামান্য ফাঁকা অংশ যদি না থাকে তার চাপ এত বেশী হইতে পারে যাতে গানের ক্ষতি হইতে পারে। এই ব্যুরোলেট প্রজেক্টাইলকে সঠিক ভাবে বোরের মধ্যে স্থাপনে সহায়তা করে। একটি সাধারন ব্যুরোলেটের চওড়া প্রায় ক্যালিবারের ১/৬ অংশ।

৭। ব্যান্ড। কিছু কিছু ব্যবহৃত বৃহৎ ক্যালিবারের আলোর ফোল্ডার ও বডির নীচের অংশের ব্যাস মধ্যভাগ অপেক্ষা সামান্য বেশি। যেমন ৭.২ ইঞ্চি এবং ১৩০ এম এম গোলা এই উচু অংশকে যথাক্রমে উপরের এবং নীচের ব্যান্ড হিসেবে বলা হয়। এই ব্যান্ডের ফলে নির্মাতাদেরকে গোলার মধ্যে অংশ জানিতে হয় না এবং উহার ওজন মধ্য অংশের কম বেশী করিয়া ঠিক করা যায় যদি দেয়ালের কম পুরূ ত্ব এবং গোলার আয়তন ঠিক রাখা যায়। সাধারনত আমেরিকার প্রজেক্টাইলে এই ধরনের সোল্ডার ব্যান্ড দেখা যায়। এই ব্যান্ড প্রজেক্টাইলের বোরের মধ্যে দিয়া যাওয়ার সময় স্থির থাকিতে সাহায্য করে এবং সেই জন্য হইাদের মধ্যে সঠিক দূরূ ত্ব থাকিতে হইবে যাহাতে প্রজেক্টাইলের কাপনি বন্ধ করা যায়। কোন বির্ধারিত নিয়ম নেই যে কিছু পরিমান দূরত্ব থাকবে। ইহা সাধারনত ক্ষুদ্র ক্যালিবারের জন্য এক ক্যলিবার এই দূরত্ব বৃহৎ ক্যালিবারের প্রজেক্টাইলের জন্য সর্বমোট ১.৪ ক্যালিবার পর্যন্ত বৃদ্ধি করা যাইতে পারে।

প্রজেক্টাইলের চাহিদা

৮। ব্যালাষ্টিক নিপুনতা। একটি প্রজেক্টাইলের ব্যালাষ্টিক নিপুনতা তখনই বলা হয় যখন উড়ন্ত অবস্থায় থাকে এবং টার্গেট হতে কম সরিয়া সর্বোচ্চ দুরত্ব অতিক্রম করে। ইহা প্রজেক্টাইলে আকার বা আকৃতি ও ওজন এবং ম্যাজল গতিবেগের উপর নির্ভর করে।

৯। রণকৌশল নিপুনতা। যখন ইহা লক্ষ্যবস্তুতে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করতে সক্ষম হয় তখন তাহাকে রণ কৌশলগতভাবে ভেলসিটির নিপুনতা বলে। ইহা লক্ষ্য বস্তুর প্রকার এবং তাহাদের সহিত আমাদের ব্যবহারের উপর নির্ভর করে। আর্টিলারির সাধারণ লক্ষ্যবস্তু- মানুষ, যন্ত্র, পিল বক্স ইত্যাদি এবং ইহারা বিভিন্ন দুরত্বে থাকিতে পারে। কোন এক রকম প্রজেক্টাইল এই বিভিন্ন বস্তুর বিরূ দ্ধে প্রয়োজনীয় সাফল্য দেখাতে পারে না। তাই বিভিন্ন প্রকার প্রজেক্টাইলে নিয়োজিত লোহার পাতের বিরূ দ্ধে পি এইচ ই এটি বা স্কোয়াশ হেড প্রজেক্টাইল ব্যবহৃত হয়, কিন্তু অন্য কোন ক্ষেত্রে এইচ ই শেলই প্রধান শেল। তাছাড়া আরও রণ কৌশল আছে যেমন স্মোক তৈরী, কোন এলাকা আলোকিত করা, সংকেত দেয়া, সিদ্ধান্ত মূলক প্রচার, রাসায়নিক বস্তু ছড়ানো। যার জন্য বিভিন্ন প্রকার,শেল প্রয়োজন। এটা ছাড়াও সৈনিকদের প্রশিক্ষণ ব্যবহারিক এবং ডামী প্রভৃতি থাকে।

১০। নিরাপত্তা।

ক। প্রজেক্টাইলকে অবশ্যই সংরক্ষণ পরিবহন বা ব্যবহারের সময় নিরাপদ হতে হবে। তাই নিরাপত্তা মূলক উপাদান লাগাতে হবে বিশেষ করে ফিউজের মধ্যে।

খ। লোহার পাতের বিরূ দ্ধে ব্যবহৃত প্রজেক্টাইল ছাড়া অন্য সব প্রজেকটাইল বোরের ভিতর থাকা অবস্থায় প্রচুর চাপ সৃষ্টি হয়। ইহার কারণঃ

(১) গতি জড়তার ফলে বেইসে পশ্চাতমুখী বল। ইহাই প্রধান বল এবং ইহাই শেলের দেওয়ালের পুরূ ত্ব নির্ধারণে প্রধান ভূমিকা পালন করে।

(২) প্রপেলেন্ট গ্যাস ভূমির প্রতি বর্গ ইঞ্চিতে প্রায় ২০ টন চাপ প্রয়োগ করে।

(৩) ড্রাইভিং ব্যান্ডের খাজ কাটা অংশে প্রচুর চাপ সৃষ্টি হয় যাহার নীচের অংশে চাপ গুরূ তর হইতে পারে।

(৪) বারু দের পশ্চাদমুখিতা। ইহার সহিত গান পাউডারের কেন্দ্রাতিক চাপ গোলার দেয়ালে প্রচুর চাপ সৃষ্টি করে।

(৫) ড্রাইভিং ব্যান্ডের কারণে প্রজেক্টাইলের ঘর্ষন প্রজেক্টাইলকে একটি মোচড়ানো চাপ দেয়। এই চাপ অন্যদের তুলনায় কম।

১১। প্রচর পরিমাণ প্রস্তুতকরণের সামার্থ্য। বিশেষ করে যুদ্ধের সময় প্রচুর পরিমাণ প্রজেক্টাইল প্রয়োজন হয়। তাই যতক্ষন পর্যন্ত না ইহা সন্তোষজনক ভাবে আধুনিক প্রযুক্তি ব্যবহার করিয়া প্রচুর পরিমান উৎপাদন সম্ভব ততক্ষন পর্যন্ত ব্যবহারিক প্রয়োজনের সাথে সাথে সার্ভিস প্রয়োজন মিটাতে পারবে না।

১২। প্রজেকটাইল তৈরির বিবেচ্য বিষয়ে সারাংশ নিম্নরূপ।

ক। টার্গেটে ফল লাভ হতে হবে।

খ। প্রজেক্টাইলকে গানের ভেতরের চাপ সহ্য করিবার সামর্থ থাকতে হবে।

গ। প্রজেক্টাইলের উড়ার সাথে ব্যালাষ্টিক কোয়ালিটি থাকিতে হবে।

ঘ। নিরাপদ এবং কম খরচে প্রচুর পরিমাণ তৈরী হতে হবে।

১৩। আকার। যেহেতু প্রজেক্টাইল বায়ুর মধ্য দিয়া চলে তাই বায়ু কর্তৃক এার উপর প্রচন্ড চাপ এর গতি বাঁধা দিয়ে কমিয়ে দেয়। এই বাধাদানকারী বল প্রজেক্টাইলের মাথায় ঘর্ষন এবং বেইসের বাঁধার মিলিত শক্তি। তাই এই বাঁধা কমাইবার জন্য প্রজেক্টাইলের আকার বিবেচনা করিতে হইবে। একটি আদর্শ আকার তখনই হবে যখন বাঁধা দানকারী বল উপেক্ষা করে ইহার সমস্ত উড়ার পথে স্থির থাকিতে পারে এবং সর্বোচ্চ দূরত্ব অতিক্রম করতে পারে। ইহা কমবেশী ব্যবহারিক বিবেচ্য এবং এই স্ট্যান্ডার্ড আকার বিভিন্ন প্রজেক্টাইলের পরীক্ষিত ফায়ারের পর নির্ধারণ করা হয়।

১৪। আধুনিক সকল প্রজেক্টাইল মিশ্র এবং সাধারনত প্রহনযোগ্য একক ৫/১০। দূরত্ব তালিকা অনুযায়ী চার্জের সাথে এবং সঠিক সংশোধনের দ্বারা প্রয়োজনীয় দূরত্ব অর্জন করা যায়।

<u>স্থিরতা ও দূরত্ব অর্জন ক্ষমতা</u>

১৫। স্থিরতা দুই ভাবে অর্জন করা যায়ঃ-

ক। গানের প্রজেকটাইলের ক্ষেত্রে ঘূর্ণন দ্বারা।

খ। মর্টার বোম এর ক্ষেত্রে পাখা দ্বারা।

১৬। একই ধরণের আশ্রয় জন্য বিভিন্ন প্রকার/গঠনতান্ত্রিক প্রজেক্টাইলের একই প্রকার অস্ত্রে বিভিন্ন গঠন তান্ত্রিক বৈশিষ্ট্য অনুযায়ী বিভিন্ন প্রকার প্রজেক্টাইল প্রয়োজন অনুযায়ী বিভিন্ন হয়। এই প্রয়োজন অনুযায়ী গঠন তান্ত্রিক পার্থক্য অপরিহার্য, ফলে ঐ ধরনের প্রজেক্টাইলের ব্যালাষ্টিক বৈশিষ্ট্য এক রাখা খুবই দুস্কর হইয়া পড়ে। তাই একই অস্ত্রে বিভিন্ন প্রজেক্টাইলের ব্যবহারে দূরত্বের তরতম্য হতে পারে ফলে প্রত্যেক প্রকারের জন্য দূরত্ব তালিকা প্রয়োজন। যেমন ১০৫ মিঃ মিঃ প্যাক হাউ, এইচ ই,,স্মোক ও ইল্যুমিনেটিং।

<u>ড্রাইভিং ব্যান্ড</u>।

১৭। <u>কার্য</u>। সকল প্রচলিত প্রজেকটাইল যা রাইফেল সংযুক্ত অস্ত্র হইতে ফায়ার করা হয় তাহার নিম্নের দুইটি কারণের জন্য ড্রাইভিং ব্যান্ড ব্যবহার করা হয়।

ক। হা ব্যারেলের রাইফেলিং এর সহিত আটকাইয়া থাকে ফলে যখন বোর হইতে শুরূ করে তখন প্রজেক্টাইলে লম্বালম্বি ঘূর্ণনের সৃষ্টি করে।

খ। প্রজেক্টাইলকে ছাড়াইয়া সামনের দিকে গ্যাস নির্গমকে বাঁধা দেয়।

গ। যখন লোড করা হয় তখন প্রজেক্টাইলকে পেছনে আসিতে বাঁধা দেয়।

ঘ। প্রাথমিক অবস্থায় চলাচলে বাঁধা দেয়। যাহার ফলে প্রপেল্যান্ট চার্জের সঠিক ও সম্পূর্ণ ইগনিশন নিশ্চিত করে এবং নিয়মিত মাজল গতিবেগ নিশ্চিত হয়।

ঙ। বোরের ভিতর প্রজেক্টাইলেকে মধ্যাবস্থায় রাখিতে সাহায্য করে। যখন দুইটি ড্রাইভিং ব্যান্ড একটির উপর আরেকটি থাকে তখনই ইহা ঘটে।

১৮। ড্রইভিং ব্যান্ড বোরের মধ্য দিয়া চলার সময় প্রজেক্টাইল এর ভার বহন করে। ফলে ইহার কম্পন দূর হয়। এবং তাতে ব্যালাষ্টিক বৈশিষ্ট নিয়মিত হয় ও প্রজেক্টাইলের ক্ষয় কম হয়। (বিশেষ করে ফিউজ ও গান)।

১৯। বিএল এবং সেপারেট লোডিং গানে ড্রাইভিং ব্যান্ড র‍্যামিং ষ্টপের জন্য অতিরিক্ত কাজ করে। এই ধরনের যন্ত্রের ড্রাইভিং ব্যান্ডের সামনের অংশে একটি উচু পরিধি থাকে। যাহা সঠিক র‍্যামিং হইলে সর্ট ছিটিং এ বসিয়া যায়। ফলে গান এলিভেট করলে পেছনে আসা বন্ধ হয়। যখন গান ফায়ার করা হয় তখন যদি সঠিক র‍্যামিং না হয় তবে নিয়োমিত ব্যালাষ্টিক বৈশিষ্ট্য দারু নভাবে ক্ষতিগ্রস্ত হয়।

২০। <u>প্রকার</u>।

ক। <u>সিঙ্গেল ব্যান্ড</u>। সকল ক্ষুদ্র ক্যালিভারের প্রজেক্টাইলের সিঙ্গেল ব্যান্ড থাকে। ইহার পার্শ্ব রেখা অল্প ঢালু হইয়া সমতল হইতে পারে। গ্যাস চেকের মত এক বা একাধিক উচু গ্রু ভ বা ক্যানিলিউর যেখানে অতিরিক্ত কপার জমা হয়। সমতল বা হ্যাম্পের ক্যানিলিউর থাকতেও পারে নাও থাকতে পারে। যাহাতে স্থানচ্যুত কপার জমা হবে। উপরে যেকোন একটিতে ইহার প্রস্ত অংশে সেকশন থাকতে পারে যাতে লোডের রাইফেলিংকে সহায়তা করতে পারে।

খ। <u>ডবল ড্রাইভিং ব্যান্ড</u>। লম্বা ক্যালিভারের ভারী প্রজেক্টাইলের এবং কিছু উচ্চ গতিবেগ সম্পন্ন প্রজেক্টাইলে সাধারণত ডবল ড্রাইভিং ব্যান্ড থাকে। এই ধরণের ডবল ব্যান্ড অতি মোটা একক ড্রাইভিং ব্যান্ডের সংযোজনের যান্ত্রিক অসুবিধার কারণে চালু করা হয়। ৩.৭ এম. কে ৪ এমুনিশনের সামনের দিকে ব্যান্ডের ব্যাপারে ডবল ব্যন্ডে বিভ্রান্ত হওয়া উচিত নয়। এই ধরনের প্রজেক্টাইলে নিয়োমিত ড্রাইভিং ব্যান্ড ছাড়াও সোল্ডারের উপর একটি ব্যান্ড লাগানো থাকে। ইহা ঘূর্ণনে সহায়তা ছাড়াও প্রজেক্টাইলেকে মাঝ খানে স্থাপনে সহায়তা করে। দুই ব্যান্ডের মাঝে গ্যাস জমা না হইতে দেয়ার জন্য কতগুলি লম্বালম্বি দাগ সামনের ব্যান্ডের উপর থাকে যাতে গ্যাস বাহির হইয়া যাইতে পারে।

গ। <u>ইকোনমি ব্যান্ড</u>। এই ধরনের ব্যান্ড যুদ্ধের সময় কপারের স্বল্পতার জন্য প্রচলন করা হয়। ইহা ব্যবহৃত ব্যান্ডের তুলনায় সরু ।

২১। <u>উপাদান</u>।

ক। <u>প্রয়োজনীয়তা</u>। এই ব্যান্ড অবশ্যই নমনীয় ধাতু দ্বারা তৈরী হতে হবে যাতে প্রয়োজ মত বসানো যায়। এই ধাতু অবশ্যই গানের ভেতর সব ধরনের চাপ সহ্য করিতে সক্ষম হইতে হইবে এবং প্রতিটি শেলে যথাসম্ভব সমান বাঁধা দানে সক্ষম হবে যাতে করে ব্যালাষ্টিক বৈশিষ্টের পরিবর্তন না হয়। এই ধরণের প্রয়োজনীয়তার জন্য ধাতুর নিম্ন লিখিত বৈশিষ্ট থাকা প্রয়োজনঃ

(১) ইহা যথেষ্ট নমনীয় হইতে হইবে যাতে ইহার ব্যাস কমিবার পরেও ভাংগিয়া না যায়।

(২) ইহা যথেষ্ট শক্ত হইতে হইবে যাতে গলিয়া না যায়।

(৩) ইহা যাতে অল্প তাপে না গলে।

(৪) ইহা এত শক্ত হবে না যাতে শেলের বেইসে প্রচন্ড চাপ সৃষ্টি করে।

(৫) ইহা যাতে বোরে কোন অবশিষ্ট রাখিয়া না যায়।

(৬) ইহা এমনভাবে তৈরী হবে যাতে বোরের ক্ষয়ের ফলে যেন ইহা ঠিক মত কাজ করে। সাধারনভাবে ড্রাইভিং ব্যান্ডের উচ্চতা প্রস্থ অপেক্ষা সামান্য বেশি হবে।

খ। ব্যবহৃত উপাদান

(১) কপার। সাধারনত কপারের নমনীয়তা এবং নিম্ন গলন বিশিষ্টতার জন্য কপার ব্যবহৃত হয়। উচ্চ গতিবেগ সম্পন্ন গানে চওড়া ব্যন্ড ব্যবহার করা হয়। কেননা ঘূর্ণনের ফলে ধাতু তল গলিয়া যায়।

(২) গিল্ডিং ধাতু। কোন কোন সময় গিল্ডিং ধাতু ব্যবহৃত হয় যা ৯০ ভাগ কপার ও ১০ ভাগ জিংক দ্বারা গঠিত। ইহা শক্ত তাই সরূ ব্যান্ডে ব্যবহার করা যায়। ইহা নিম্ন গলন বিশিষ্ট এবং বোরে কপার জমা করে।

(৩) সিন্টার্ড লোহা। দ্বিতীয় বিশ্ব যুদ্ধে এই লোহা ব্যবহার করা হয়েছ।

প্রজেক্টাইলের শ্রেণী বিন্যাস

২২। প্রজেক্টাইলকে নিম্নোক্ত ভাগে ভাগ করা হয়।

প্রজেক্টাইল




ফ্লেয়ার
ইনসেন ডিয়ারী
স্মোক
প্রোপাগান্ডা
ইলুমিনিটিং/স্টাটিং
কেমিক্যাল
সলিড শট
কম্পোজিট শট
প্র্যাকটিস পেপার শট
এ পি
এ পি সি
এ পি সি বি সি
এ পি সি আর
এ পি সি এন আর
এ পি ডি এস

সেকশন-১৬

শেল

প্রকার

১। প্রধানত দুই ধরনের শেল পাওয়া যায়। এইচ ই ও বাহক (ক্যারিয়ার)। এই দুই প্রকারের শেলকে রণকৌশলগত চাহিদার উপর ভিত্তি করে বিভিন্ন শ্রেণীতে ভাগ করা হয়।

২। **এইচ ই শেল** এইচ ই শেল নোজ ফিউজ বা বেস ফিউজ যুক্ত হয়ে থাকে। বেস ফিউজ যুক্ত এইচ ই শেল সাধারণত পরাজয় প্রতিরোধক লক্ষ্যবস্তু যেমন আর্মার ইত্যাদির জন্য ব্যবহার করা হয়। ইহা করা হয় হলো চার্জ ফিলিং বা ইহার মধ্যেকার পদার্থের শক্তির সাহায্যে বা ইহার লক্ষ্যবস্তুকে আঘাত কালীন গতিবেগের সাহায্যে। এই ক্ষেত্রে ফিলিং এর ডেটোনেশান লক্ষ্যবস্তু ছেদনের পর ঘটে।

৩। **নোজ ফিউজ** যুক্ত এইচ ই শেল সাধারনত সেনা, বিমান এবং স্বল্প বা বর্মবিহীন যানবাহনের বিরূদ্ধে ফ্র্যাগমেনটেনশন ইভেক্টর জন্য ব্যবহার করা হয়। ইহা সম্ভব হয় কারন বিষ্ফোরনের ফলে শেলের খন্ডগুলি তীব্র বেগে বিস্তৃত এলাকায় ছড়িয়ে পড়ে এবং ডেটোনেশানের উৎস হতে নিঃসৃত ইহার ওয়েভ বা ধাক্কা লক্ষ্য বস্তুর ধ্বংস ত্বরান্বিত করে। রণকৌশলের চাহিদা পূরুনের জন্য একটি প্রচলিত গোলন্দাজ শেল বা গোলাকে উপরোক্ত দুই প্রকার কার্যসাধনের উপযোগী করে তৈরী করা হয়।

৪। **ফিলিং।** প্রায় সর্বপ্রকার এইচ ই শেলের জন্য বহুল ব্যবহৃত ও সন্তোষজনক ফিলিং হচ্ছে টি এন টি। যুদ্ধের সময় অপেক্ষাকৃত সস্তা বলে টি এন টি ও এ্যামোনিয়াম নাইট্রেটের মিশ্রনকে ফিলিং হিসাবে ব্যবহার করা যায়। এই মিশ্রনটি এ্যামাটল নামে পরিচিত। ইহা বায়ুর আদ্রতা দ্বারা প্রভাবিত হয় এবং গোলা ও ইহার অংশ সমুহের ক্ষয় করে বলে শান্তিকালীন সময়ে ব্যবহারের অযোগ্য। পূর্বে এই কাজে লডাইট ব্যবহার করা হত কারন ইহা ধাতুর সাথে ঘর্ষনের ফলে সংবেদী পদার্থ তৈরীতে সক্ষম ছিল। ১৯৪১ সালের পর হতে লডাইট ব্যবহার বন্ধ হয়ে যায়।

৫। **টি এন টি** সব সময় আর্মারের সাথে সংঘর্ষের পর প্রয়োজনীয় অংশ ভেদী রূ প বজায় রাখতে পারে না। ছেদকারী গোলা সমূহকে তাই টি এন টি দ্বারা পূর্ন করা হয় যাহার সাথে কিছু পরিমানে মোম থাকে যাহা টি এন টি/ডিবিউ এক্স নামে পরিচিত। মার্কিন যুক্তরাস্ট্রের ছেদকারী প্রজেক্টাইলসমূহ এ্যামোনিয়াম পিক্রেট দ্বারা পূর্ন করা হয় যাহা তুলানামূলক ভাবে পুরূ এবং (ধাক্কা) যাহা ঘর্ষন অসংবেদী। কিছু কিছু গোলা যেমন ৭৬ মি:মি: গানে "ট্রোটিল ৪" দ্বারা ফিলিং করা হয়।

৬। **টি এন টি** অপেক্ষা শক্তিশালী ধ্বংসক্ষমতা সম্পন্ন অন্যান্য বিস্ফোরককে আজকাল "বিস্ফোরন চার্জ" হিসাবে ব্যবহার করা হয়। এটি বিশেষ বিশেষ ক্ষেত্রেই ব্যবহার হয়ে থাকে এবং ইহার মধ্যে সর্বাপেক্ষা বেশী ব্যবহৃত হয় আর ডি এক্স হিসাবে। এই বিস্ফোরক নিজে নিজে ব্যবহারের ক্ষেত্রে বিস্ফোরন চার্জ হিসাবে অত্যন্ত নাজুক এবং এই নাজুক অবস্হা হ-ত অসং-বদনশীল করার জন্য এর সাথে টি এন টি বা মোম যোগ করা হয়।

৭। **ফিলিং বা পূর্ন করার পদ্ধতি**। সব রকমের উচ্চমাত্রার বিস্ফোরকের ফিলিং প্রধানত একই ধরনের হয়ে থাকে। যেহেতু টি এন টিকে ফিলিং এর জন্য আদর্শ হিসাবে ধরা হয় এবং এটা শান্তি কালীন সময়ে ও ব্যবহারোপযোগী তাই একটি চওড়া লাইনে নোজ ফিউজ যুক্ত এ্যামুনিশন ফিলিং পদ্ধতির বর্ননা দেওয়া হল। টি এন টিকে একটি জ্যাকেট যুক্ত গলনচেম্বারের মধ্যে গলানো হয় এবং তার পর এটি এ্যালোমিনিয়াম এর ৬০ এস বি এর রং করা জালের তৈরী তামার তারের মধ্যে দিয়ে পাঠানো হয়। এই শোধিত টি এন টিকে বাস্প জ্যাকেট ওয়ালা পাত্রে সংগ্রহ করা হয় এবং ফিলিং করে নিয়ে যাওয়া হয়। ফিলিং কক্ষে শেলকে সম্পুর্নরূপে পরিস্কার এবং (একটি মসৃন তল দেওয়ার ও ফিলিং এর সহিত সংঘর্ষ এড়ানোর জন্য) -কাপাল বার্নিশ করা হয়। এর পর শেলগুলিকে একটি পছন্দসই সমতলে সাজানো হয়। প্রতিটি শেল একটি ক্যানভাস ব্যাগ দ্বারা আবৃত থাকে যাহাতে শেল বডির উপর এইচ ই স্পিলিং না হয়। গলিত টি এন টিকে পাত্র হতে সরাসরি শেলে ঢালা হয়। এই সময় তাপমাত্রা কোন অবস্হাতেই ১০৫° সে: এর বেশী হবে না। একটি ভার্টিকাল স্লাইড গেজের মাধ্যমে ফিলিং এর উচ্চতাকে বিভিন্নস্তরে মাপা হয়। ফিলিংটি সকল শীতল পা-র্শ্বর প্রভাবে কঠিনাকার ধারন করে এবং উহার উপরিভাগে একটি পাতলা ক্রাস্ট তৈরী হয়। বায়ু শূন্যতা বন্ধ করার জন্য এই ক্রাস্টটি ভেঙ্গে ফেলতে হয়। যেহেতু কঠিনাকার ধারনের পর আয়তন হ্রাসপ্রাপ্ত হয় সেহেতু ইহাকে অনবরত পূর্ণ করতে হবে যাহাতে ইহা ক্যাভিটেশন ও এয়ার পকেট হতে মুক্ত থাকে। উপরিভাগে উৎপাদিত ক্ষুদ্র ক্যাভিটি পরবর্তীতে ফিলিং দ্বারা পুর্ন হয়। প্রতিটিস্তর কঠিনাকার ধারন করার পর আরো ফিলিং করানো হয়। ফিলিং এর শেষ পর্বে যখন উহা তরল অবস্হায় থাকে তখন পেপার টিউব এক্সপেন্ডার কনটেইনারে একটি ধাতব বা কাষ্ঠ নির্মিত "ফর্মার" কে প্রবেশ

করানো হয়। কঠিনাকার ধারনের পর "ফর্মার" টিকে সাবধানতার সাথে সরানো হয় এবং পেপার টিউব এক্সপেন্ডার কনটেইনারটি নিজ অবস্হানে কঠিন ফিলিং দ্বারা আটকানো অবস্হায় থাকে। গেজ দ্বারা পেপার টিউবের উচ্চতা পরিমাপ করা হয় এবং "টপিং" নামক চুড়ান্ত ফিলিংকে ফিলিং এর সঠিক উচ্চতা নির্নয়ের জন্য ব্যবহার করা হয়। একটি নিরোধক ডিভাইসরূপে একটি ফেল্ট ওয়াশারকে উত্তপ্ত ফিলিং এর উপরে স্হাপন করা হয় যাহাতে ওয়াশার ও পেপার টিউবটি খাঁজ বিশিষ্ট হয়ে পড়ে। এই খাঁজ গুলিকে ফেল্ট ওয়াশারের উপরে বসানো হয়। প্রধান ফিলিং শেষ হওয়ার পর এক্সপেন্ডারটিকে এক্সপেন্ডার ক্যাভিটিতে স্হাপন করা হয় এবং ফিউজ বা ফিউজ হোল প্লাগকে উপরে স্ক্রু দ্বারা আটকে দেওয়া হয়।

৮। **এক্সপে-াডার** এক্সপ্লোসিভকে বাষ্টিং চার্জরূপে ব্যবহার করা হয় যাহা তুলনামূলকভাবে অসংবেদী এবং যাহার ডেটোনেশন সহজসাধ্য হয়। এই কারনে ইহা তৈরী, পুর্নকরা, বহন করা এবং ফায়ার করা নিরাপদ। তবে একটি উচ্চ পর্যায়ের ডেটোনেশনের ক্ষেত্রে ইহার ফিউজ ইমপালসকে বাস্টিং চার্জে মিলাইয়া দেওয়া প্রয়োজন। এক্সপ্লোসিভ ইনিশিয়েটর অপেক্ষা কমসংবেদী তবে ইহার একটি ব্রিসানস আছে। ইহাকেই এক্সপেন্ডার বলে। ফিউজ কর্তৃক সূচনাকৃত ডেটোনেশন ওয়েভকে এ্যামপিফাই করার জন্য এক্সপেন্ডার সিস্টেম ব্যবহার করা হয় যেন শেলের সম্পুর্ন বাস্টিং চার্জে ডেটোনেশন সম্পূর্ন হয়। ইহা এমন ভাবে তৈরী করা হয়েছে যেন একটি নির্দিষ্ট কাজ সম্পন্ন করে, যেমন যতক্ষন পর্যন্ত প্রজেক্টাইল নির্দিষ্ট ফল সহ বিস্ফোরিত না হয় ততক্ষন পর্যন্ত ঘন ঘন বন্ধের মাধ্যমে ফায়ারিং ইমপালসকে ট্রান্সমিট করা। যে কোন অংশের অসামঞ্জস্যপূর্ণ ক্রিয়ার দরুন সম্পুর্ন ফলাফলই ব্যাহত হয়ে পড়ে। এই সিস্টেমটি যেমন নিরাপদ তেমনি সামঞ্জস্যপূর্ণ ।

৯। **স্মোক বাক্স**। যেহেতু এ্যামাটল অতি সামান্য বা কোন স্মোকই উৎপাদন করে না সেহেতু স্মোক উৎপাদনকারী উপাদান সমূহকে এক্সপ্লোশন পর্যবেক্ষনের জন্য বাস্টিং চার্জের সাথে মিশ্রিত করে দেওয়া হয়। ব্যবহৃত উপাদানের একটি যুগ্ম স্মোক ও এক্সপ্লোশনজনিত ক্রিয়া বিদ্যমান এবং এটি যে কেবল স্মোক উৎপাদন করে তাই নয় বরং শেলের কার্যকারিতাও বহাল রাখে। ইহাদের বাস্টিং চার্জের সাথে নতুবা এ্যালোমিনিয়াম বা প্লাস্টিকের তৈরী নির্ধারিত আকারের বাক্সে রাখা হয়। এই বাক্স গুলিতে লোহিত ফসফরাসের পাপড়ি রাখা হয় যাহা এক্সপেন্ডার সিস্টেমের নিচে থাকে। কিছু কম ক্যালিবার মুক্ত অস্ত্রে টি এন টি যুক্ত শেলসমূহ অপর্যাপ্ত পরিমানে ধুম্র উৎপাদন করে যাহা বিস্ফোরন পর্যবেক্ষনের উপযোগী নয়। এই জন্য ইহার পরিবর্তে ধুম্রবাক্স ব্যবহৃত হয়। পরীক্ষা করে দেখা গেছে যে, ফসফোরিক এসিড বা মুক্ত লোহিত ফসফরাস বাক্স সমূহের ছিদ্র ইত্যাদির কারনে একটি ক্রিয়ার সৃষ্টি করে যাহা উচ্চ এক্সপ্লোসিভের সক্ষমতা নষ্ট করে দেয়, যেমন সি ই

এ্যামাটল। এই সকল বিস্ফোরকের রাসায়নিক স্হিতিশীলতা সেনসিটিভ এক্সপোলসিভ কম্পাউন্ডের সংস্পর্শে ক্ষতিগ্রস্হ হয়ে পড়ে। এই কারনে লোহিত ফসফরাসের পরিবর্তে স্মোক বাক্সে এ্যালোমিনিয়াম ও টি এন টির পাপড়ি থাকে। ১৫ ও ১৬ নং চিত্রে আদর্শ এইচ ই শেল দেখানো হয়েছে।

<u>**ক্যারিয়ার বা বাহক শেল**</u>

১০। **<u>সাধারন</u>**। এগুলো এইচ ই এর ন্যায় সাধারন শেল মাত্র তবে ইহাদের ফিলিং স্মোক, ফ্লেয়ার ও রাসায়নিক হয়ে থাকে। শেল খুলে যাওয়ার জন্য এবং এর আভ্যন্তরীন পদার্থ সমূহকে ক্রিয়াশীল করার জন্য ইহাদের সামান্য পরিমানে বাস্টিং চার্জ থাকে। তিন প্রকারের বাহক শেল আছে। বাস্টিং বিই এবং বেস ইমিশান। ১৭, ১৮ ও ১৯ নং চিত্রে এদের দেখানো হয়েছে। এরা গান ফায়ারের সময় সনাক্তকারী হিসাবে ব্যবহৃত হয়। ইহা ছাড়াও ইহারা স্মোক স্ক্রীন তৈরীর মাধ্যমে সেনাদলের মুভমেন্ট আড়াল করতে, ইলুমিনেটিং এ, সিগনাল দিতে, লক্ষ্যবস্তু প্রদর্শনে এবং এ্যান্টি পারসোনাল রূপে ব্যবহৃত হয় কারন বাস্টিং টাইপ স্মোকশেলের ফ্রাগমেন্ট কখনো কখনো প্রকৃত ফ্রাগমেন্টের ন্যায় কার্যকর হয়ে থাকে।

